

মাইলস্টোন কলেজে কৃতী শিক্ষার্থীদের সংবর্ধনা

প্রেস রিলিজ

১৩ আগস্ট ২০২৩ ০৭:২৭ পিএম | আপডেট: ১৩ আগস্ট ২০২৩ ০৭:২৭ পিএম



মাইলস্টোন কলেজ

advertisement..

সম্প্রতি প্রকাশিত এসএসসি পরীক্ষার ফলাফলে অনন্য সাফল্য অর্জনকারী কৃতী শিক্ষার্থীদের প্রাণঢালা সংবর্ধনা জানানো রাজধানীর উত্তরায় অবস্থিত স্বনামধন্য শিক্ষা প্রতিষ্ঠান মাইলস্টোন কলেজ। উত্তরার দিয়াবাড়িতে অবস্থিত মাইলস্টোন কলেজের স্থায়ী ক্যাম্পাসের প্রধান অডিটোরিয়ামে আয়োজন করা হয় এই প্রাণবন্ত সংবর্ধনা অনুষ্ঠানের।

আজ রোববার অনুষ্ঠিত সংবর্ধনা অনুষ্ঠানে অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মাইলস্টোন কলেজের প্রতিষ্ঠাতা ও উপদেষ্টা কর্নেল নুরন নবী (অব.)।

advertisement

শত শত মেধাবী শিক্ষার্থীর পদচারণায় মুখরিত সংবর্ধনা অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন মাইলস্টোন কলেজের ভারপ্রাপ্ত অধ্যক্ষ প্রফেসর জহিরুল হক, কলেজের সিনিয়র পরিচালক (প্রশাসন) মো. মাসুদ আলম, শিক্ষক-শিক্ষিকাগণ, উপাধ্যক্ষবৃন্দ এবং বিভিন্ন বিষয়ের অনুমোদন সদস্যগণ।

সংবর্ধনা অনুষ্ঠানের শুরুতে পরম শ্রদ্ধা জ্ঞাপন করা হয় জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এবং ১৯৭৫'র ১৫ আগস্ট নিহত সকল শহিদদের প্রতি।

সংবর্ধনা অনুষ্ঠানে এসএসসিতে সাফল্য বয়ে আনা মেধাবী ছাত্রছাত্রীদের হাতে সম্মাননা স্মারক তুলে দেন মাইলস্টোন কলেজের প্রতিষ্ঠাতা ও উপদেষ্টা কর্নেল নূরু নবী (অব.)। এ সময় চলনশক্তি হারা অথচ অপ্রতিরোধ্য মেধাবী ছাত্রী ইয়ামিনা বিনতে মাহমুদকে সম্মাননা স্মারক প্রদানের মাধ্যমে আলোকিত ভবিষ্যতের প্রতি তার অবিরাম লড়াইকে উৎসাহিত করা হয়।

উল্লেখ্য, বর্ণাঢ্য সাংস্কৃতিক অনুষ্ঠান মেধাবীদের জন্য আয়োজিত অনুষ্ঠানকে করে তোলে আরও বর্ণিল এবং আনন্দময়।